

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াশিংটন হ্যামিল্টন ম্যাকগিভার

আগৈলঝাড়ার দুই শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপন হচ্ছে ডিজিটাল ক্লাস রুম



০৮ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মিঃ

আগৈলঝাড়া (বরিশাল) সংবাদদাতা

শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তির সঙ্গে পরিচয় ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে শিক্ষাখাতকে ডিজিটাল করার লক্ষ্যে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় আগৈলঝাড়ায় দুই শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপন করা হবে ‘শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাস রুম’। উপজেলা নির্বাহী কর্মকর্তা আশ্রাফ আহমেদ রাসেল বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় উপজেলার প্রত্যন্ত এলাকা রাজিহার ইউনিয়নের বাহাদুরপুর নিশিকান্ত গাইন গার্লস স্কুল অ্যান্ড কলেজ এবং বাহাদুরপুর উচ্চ বিদ্যালয়ে ‘শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাস রুম’ স্থাপন করা হবে। সুসজ্জিত ডিজিটাল ল্যাবে থাকবে ১০টি ল্যাপটপ কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ইন্টারনেট কানেকশনসহ আধুনিক প্রযুক্তির সকল সুবিধা। এ লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান দুইটির প্রধানদের সঙ্গে সরকারের প্রকল্প দপ্তরের চুক্তিনামা স্বাক্ষর করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত